গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌপরিবহন মন্ত্রণালয়

সংসদ ও সমন্বয় শাখা

মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মোস্তফা কামাল<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | ২৮-০২-২০২৪ খ্রি. |
| সভার সময় | ১২.০০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি কর্তৃক সভায় উপস্থিত এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। তিনি সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (সংসদ ও সমন্বয়) আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র সভায় উপস্থাপন করেন। সভায় উপস্থিত এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত সংস্থাসমূহের প্রধানগণ, প্রতিনিধি, মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | **বিগত সভার কার্যবিবরণী অনুমোদন** | গত ২৬.১২.২০২৩ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত সংক্রান্ত বাস্তবায়ন সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকলে অনুমোদন করা যেতে পারে মর্মে সভাকে অবহিত করা হয়। | কোন সংশোধনী না থাকায় গত ২৮.০১.২০২৪ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | - |
| ০২ | <u>মসবৈ-১৪(০৪)/২০১৫;</u><br><u>তারিখ: ০৬ এপ্রিল ২০১৫</u><br>'The Ports (Amendment) Act, 2015'- এর খসড়ার নীতিগত অনুমোদন। | সিনিয়র সহকারী সচিব (সংসদ ও সমন্বয়) সভায় জানান যে, গত ০৬-০৪-২০১৫ তারিখের মন্ত্রিসভা-বৈঠকে "The Ports (Amendment) Act, 2015" নীতিগত অনুমোদিত হয়। গত ০৩-০৮-২০১৫ তারিখে এ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক "The Ports (Amendment) Act, 2015" জাতীয় সংসদ সচিবালয়ে প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে গত ০৬-০৯-২০১৫ তারিখে সংসদের বৈঠকে বিলটি উত্থাপন করা হলে পরীক্ষা-নিরীক্ষার জন্য বিলটি নৌপরিবহন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে প্রেরণ কর হয়। কমিটি পরীক্ষান্তে বিলটি প্রত্যাহারের জন্য ০৯-১১-২০১৫ তারিখে রিপোর্ট | 'বিআইডব্লিউটিএ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ/ উপসচিব (টিএ) শাখা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পেশ করে।<br>নৌপরিবহন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি গত ১৬-০৯-২০১৫ ও ১৭-০৯-২০১৫ তারিখের বৈঠকে ১৯০৮ সালের পুরানো আইনটি বিস্তারিত পর্যালোচনা করে যেখানে প্রয়োজন সেখানে পরিববর্তন এনে পুনরায় প্রেরণের লক্ষ্যে সংসদ কর্তৃক কমিটিতে প্রেরিত বিলটি প্রত্যাহারের জন্য সর্বসম্মতিক্রমে সুপারিশ করে। এ প্রেক্ষাপটে জাতীয় সংসদের ১৭-১১-২০১৫ তারিখের বৈঠকে বিলটি ভোটের মাধ্যমে প্রত্যাহার করা হয়।<br><br>অতপর "The Ports (Amendment) Act, 2015" আইনটিকে বাংলায় রূপান্তরিত করে **"বন্দর আইন, ২০২৩"** প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়।<br><br>**এ প্রেক্ষাপটে প্রস্তাবিত "বন্দর আইন, ২০২৩"** এর ভাষা প্রমিতকরণের জন্য বাংলা ভাষা বাস্তবায়ন কোষ (বাবাকো), জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। তদপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয় ভাষা প্রমিতকরণ করে ০৭-০৬-২০২৩ তারিখে এ মন্ত্রণালয়ে প্রেরণ করে এবং নৌপরিবহন মন্ত্রণালয় হতে ১৪-০৬-২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের "আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি"র নিকট প্রেরণ করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব (আইন) মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রিপরিষদ বিভাগে গত ০৪-১০-২০২৩ তারিখে "আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটির ৫ম সভা অনুষ্ঠিত হয়। সভায় "বন্দর আইন, ২০২৩" পরীক্ষা-নিরীক্ষা করা হয়। উক্ত সভার কার্যবিবরণীর উল্লিখিত | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সিদ্ধান্তের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত ৩১-১০-২০২৩ তারিখে বিআইডব্লিউটিএ-কে অনুরোধ করা হয়। এ বিষয়ে বিআইডব্লিউটিএ হতে এখন পর্যন্ত কোনো জবাব পাওয়া যায়নি। <br><br> The Protection of Ports (Special Measures) Act, 1948 (Act No XVII of 1948) পরিমার্জনপূর্বক হালনাগাদকৃত 'বন্দর সংরক্ষণ আইন (বিশেষ প্রবিধান), ২০২৩ (সংশোধিত)' প্রস্তাবিত খসড়া 'বন্দর আইন, ২০২৩' এ অন্তর্ভুক্ত করে এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য ২৯-০২-২০২৪ তারিখে বিআইডব্লিউটিএ-কে অনুরোধ করা হয়। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | মসবৈ-১০(০৫)/২০১৮; তারিখ: ০৭মে২০১৮ BIMSTEC সদস্যভুক্ত দেশগুলির মধ্যে সম্পাদনের লক্ষ্যে Agreement on Coastal Shipping-এর খসড়ার অনুমোদন। | Bay of Bengal Initiative for Multi-Sectoral Technical and Economic Cooperation (BIMSTEC) সদস্যভুক্ত দেশগুলোর মধ্যে নৌবাণিজ্য সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে গত ২৭-২৮ নভেম্বর, ২০১৭ তারিখে First Working Group Meeting অনুষ্ঠিত হয়। উক্ত সভায় BIMSTEC Member States ৭টি সদস্য দেশের প্রতিনিধিগণ কর্তৃক স্ব স্ব মতামত উপস্থাপনের পর BIMSTEC Coastal Shipping Agreement এর খসড়া টেক্সট চূড়ান্ত করা হয়। পরবর্তীতে গত ১৪ সেপ্টেম্বর, ২০২১ তারিখে ভারতীয় পক্ষ হতে BIMSTEC সচিবালয়ের মাধ্যমে চুক্তিটির নাম পরিবর্তন করে "Agreement on Maritime Transport Cooperation" নাম প্রস্তাব করা হয়। প্রস্তাবটি অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হলে আন্ত:মন্ত্রণালয় সভার করার জন্য মৌখিক নির্দেশনা প্রদান করেন। সে পরিপ্রেক্ষিতে সিনিয়র সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় মহোদয়ের সভাপতিত্বে গত ০৯-১১-২০২৩ তারিখ একটি আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় চূড়ান্তকৃত Draft of text গত ১০-০১-২০২৪ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | আইন মন্ত্রণালয়ের পত্র পাওয়ার পর কাযক্রম গ্রহণ করা হবে। | উপসচিব (আইও) শাখা, নৌপম |
| ০৪ | মসবৈ-১৪(০৮)/২০১৯; তারিখ: ২৬আগস্ট২০১৯<br><br>মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে ২০১৯সালের দ্বিতীয় ত্রৈমাসিক (এপ্রিল-জুন) প্রতিবেদন। | নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতায় ইংরেজি ভাষায় প্রণীত আইনসমূহের মধ্যে ইতোমধ্যে ৫টি আইন (The Chittagong Port Authority Ordinance, 1976 রদরহিত করে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ আইন ২০২২; Mongla Port Authority Ordinance, 1976 রদরহিত করে মোংলা বন্দর কর্তৃপক্ষ আইন ২০২২; Bangladesh | ইংরেজিভাষায়প্রণীত বিদ্যমানআইনসমূহ যুগোপযোগীকরে বাংলায়প্রণয়নকরতে হবে। | ১.সকল দপ্তর/ সংস্থা প্রধান<br>২. সকল শাখা /অধিশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, নৌপম |

| | | | | |
|---|---|---|---|---|
| | | Flag Vessels (Protection) Ordinance, 1982 রদরহিত করে বাংলাদেশ পতাকাবাহী জাহাজ (স্বার্থরক্ষা) আইন, ২০১৯; Lighthouse Act 1927 রদরহিত করে বাংলাদেশ বাতিঘর আইন 2020; Bangladesh Shipping Corporation Order1972 রদরহিত করে বাংলাদেশ শিপিং কর্পোরেশন আইন, ২০১৭ রদরহিত করে বাংলায় প্রণয়ন করে গেজেট আকারে প্রকাশ করা হয়েছে। ইংরেজি ভাষায় প্রনীত অবশিষ্ট নিম্নবর্ণিত আইনসমূহ যুগোপযোগী করার লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে।<br>১। **The Ports (Amendment) Act, 2015”** (নীতিগত অনুমোদনের তারিখ ০৬ এপ্রিল ২০১৫):গত ০৬-০৪-২০১৫ তারিখের মন্ত্রিসভা-বৈঠকে “The Ports (Amendment) Act, 2015” নীতিগত অনুমোদিত হয়। গত ০৩-০৮-২০১৫ মাননীয় মন্ত্রী কর্তৃক “The Ports (Amendment) Act, 2015” জাতীয় সংসদ সচিবালয়ে প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে গত ০৬-০৯-২০১৫ তারিখে সংসদের বৈঠকে বিলটি উত্থাপন করা হয় এবং পরীক্ষা-নিরীক্ষার জন্য বিলটি নৌপরিবহন মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটিতে প্রেরণ কর হয়। কমিটি পরীক্ষান্তে বিলটি প্রত্যাহারের জন্য ০৯-১১-২০১৫ তারিখে রিপোর্ট পেশ করে।<br>নৌপরিবহন মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি গত ১৬-০৯-২০১৫ ও ১৭-০৯-২০১৫ তারিখের বৈঠকে ১৯০৮ সালের পুরানো আইনটি বিস্তারিত পর্যালোচনা করে যেখানে প্রয়োজন সেখানে পরিবর্তন এনে পুনরায় প্রেরণের লক্ষ্যে সংসদ কর্তৃক কমিটিতে প্রেরিত বিলটি প্রত্যাহার করার জন্য সর্বসম্মতিক্রমে সুপারিশ করে। এ প্রেক্ষাপটে জাতীয় সংসদের ১৭-১১-২০১৫ তারিখের বৈঠকে | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিলটি ভোটের মাধ্যমে প্রত্যাহার করা হয়। অতঃপর "The Ports (Amendment) Act, 2015" আইনটিকে বাংলায় রূপান্তরিত করে "বন্দর আইন, ২০২৩" প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়। এ প্রেক্ষাপটে গত ০৭-০৬-২০২৩ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংস্কার ও গবেষণা অনুবিভাগের বাংলা ভাষা বাস্তবায়ন কোষ (বাবাকো) প্রস্তাবিত "বন্দর আইন, ২০২৩" এর ভাষা প্রমিতকরণ করে এ মন্ত্রণালয়ে প্রেরণ করে এবং নৌপরিবহন মন্ত্রণালয় থেকে ১৪-০৬-২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের "আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি"র নিকট প্রেরণ করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব (আইন) মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রিপরিষদ বিভাগে গত ০৪-১০-২০২৩ তারিখে অনুষ্ঠিত উক্ত কমিটির ৫ম সভায় "বন্দর আইন, ২০২৩" পরীক্ষা-নিরীক্ষা করা হয়। উক্ত সভার কার্যবিবরণী উল্লিখিত সিদ্ধান্তের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত ৩১-১০-২০২৩ তারিখে বিআইডব্লিউটিএ বরাবর পত্র প্রেরণ করা হয়। বিআইডব্লিউটিএকে অনুরোধ করা হয়। এ বিষয়ে বিআেইডব্লিউটিএ হতে এখন পর্যন্ত কোনো জবাব পাওয়া যায়ন ন্বেতকে এখনো কোনো জবাব পাওয়া যায়নি।<br>২। "The Inland Shipping Ordinance, 1976" রহিত করে "অভ্যন্তরীণ নৌপরিবহন আইন, ২০২২" প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের গত ২৮ জুলাই, ২০২২ খ্রি: তারিখের ৭২ নং স্মারকের কতিপয় নির্দেশনার আলোকে নৌপরিবহন অধিদপ্তর হতে খসড়া আইনটি সংশোধন করে প্রেরণ করা হয়। পরবর্তীতে গত ০৫-০১-২০২৩ খ্রি: তারিখের ০৫ নং স্মারকে খসড়া আইনটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। গত ০১-০৬-২০২৩ খ্রি. ৩য় সভা অনুষ্ঠিত হয়েছে। গত ২১ জুন, ২০২৩ চতুর্থ সভা শেষে সভার সিদ্ধান্ত মোতাবেক সংশোধিত খসড়া আইনের কপি ও তুলনামূলক বিবরণী নৌপরিবহন মন্ত্রণালয়ের গত ০৪-০৬-২০২৩ খ্রি. ১১২ নং স্মারকে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। গত ১৩ জুলাই, ২০২৩ খ্রি. এর ৮৫ নং স্মারকে মন্ত্রিপরিষদ বিভাগ হতে খসড়া আইনটি মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপনের জন্য সুপারিশ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে নৌপরিবহন অধিদপ্তর হতে সংশোধিত খসড়া আইন ও তুলনামূলক বিবরণী প্রেরণ করা হয়েছে। নীতিগত অনুমোদনের জন্য ৭২ কপি প্রেরণের নিমিত্ত গত ২৬-০৭-২০২৩ খ্রি. জাহাজ শাখা হতে নথি উপস্থাপন করা হয়েছে। প্রস্তাব অনুমোদিত হওয়ার পর নৌপরিবহন অধিদপ্তর হতে অভ্যন্তরীণ নৌপরিবহন আইন, ২০২৩ এর খসড়ায় প্রস্তাবিত সংশোধিত গত ২০-০৯-২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটি-তে প্রেরণ করা হয়েছে। বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন আইন, ২০২৩ মন্ত্রিপরিষদ বিভাগের আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটির সুপারিশ গত ২৫-১০-২০২৩ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। উক্ত সুপারিশের উপর নৌপরিবহন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সংস্থা-২) মহোদয়ের সভাপতিত্বে গত ০৭-১১-২০২৩ তারিখে সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী ৩০-০১-২০২৪ তারিখে সংশোধিত খসড়া আইন ১৫ (পনের) সেট মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>৩। নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক The Bangladesh Merchant Shipping Ordinance, 1983 রহিত করে "বাংলাদেশ বাণিজ্যিক নৌপরিবহন আইন, | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২০২২” প্রণয়ণের উদ্যোগ গ্রহণ করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের গত ২১ আগস্ট, ২০২২ খ্রি: তারিখের ৭৭ নং স্মারকে কমিটির প্রথম সভা আহ্বান করা হয়। পরবর্তীতে মন্ত্রিপরিষদ বিভাগ হতে গত ১৩-০৯-২০২২ খ্রি: তারিখের ৭৯ নং স্মারকে ১ম সভার কার্যবিবরণী নৌপরিবহন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। সভার সিদ্ধান্তে জানানো হয় যে, খসড়াটিতে বেশ কিছু শব্দ ইংরেজি থেকে বাংলায় অনুবাদের ফলে সুস্পষ্ট অর্থ প্রতিফলিত হয়নি মর্মে প্রয়োজনে খসড়া আইনটিতে ইংরেজি শব্দ রাখার সুপারিশসহ কতিপয় সুপারিশ প্রদান করা হয়েছে।<br>এ বিষয়ে গত ৩১-০৫-২০২৩ খ্রি: সচিব নৌপরিবহন মন্ত্রণালয় মহোদয়ের সভাপতিত্বে পর্যালোচনাসভা অনুষ্ঠিত হয়। সভায় নৌপরিবহন মন্ত্রণালয় ও নৌপরিবহন অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। পরবর্তীতে গত ১৪ জুন, ২০২৩ খ্রি: ১০০ নং স্মারকে খসড়া আইনটি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। গত ২১ জুন, ২০২৩ খ্রি: তারিখ ২য় সভা মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত মোতাবেক খসড়া আইনটি নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক সংশোধিত হচ্ছে। নৌপরিবহন অধিদপ্তর হতে সংশোধিত ‘‘বাংলাদেশ বাণিজ্যিক নৌপরিবহন আইন, ২০২৩’’ এর ১৫ কপি গত ১৪-০৮-২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটি-তে প্রেরণ করা হয়। ‘‘বাংলাদেশ বাণিজ্যিক নৌপরিবহন আইন, ২০২৩’’ (MSA)মন্ত্রিপরিষদ বিভাগের আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটির সুপারিশ গত ০৪-০৯-২০২৩ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। উক্ত সুপারিশের উপর নৌপরিবহন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সংস্থা-২) মহোদয়ের সভাপতিত্বে গত ০৭-১১-২০২৩ তারিখে সভা অনুষ্ঠিত হয়। সভার | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সিদ্ধান্ত অনুযায়ী ৩০-০১-২০২৪ তারিখে সংশোধিত খসড়া আইন ১৫ (পনের) সেট মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>৪। "The Protection of Ports (Special measures) Act No. XVII of 1948" এর স্থলে "বন্দর সংরক্ষণ আইন, ২০১৯" এর খসড়া প্রণয়ন করে এসংক্রান্ত আন্ত:মন্ত্রণালয় সভা করা হয়েছে এবং সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থার মতামত গ্রহণ করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাংলা ভাষা বাস্তবায়ন কোষ হতে প্রমিতকরণ করে গত ২০-০৬-২০২৩ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। গত ০৭-০৮-২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের "আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষা পূর্বক মতামত প্রদান" সংক্রান্ত কমিটির প্রেরণ করা হয়।<br>মন্ত্রিপরিষদ বিভাগে গত ০৪ অক্টোবর, ২০২৩ তারিখে "বন্দর সংরক্ষণ আইন (বিশেষ বিধান) ২০২৩ (সংশোধিত)' বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় নিম্নবর্ণিত সুপারিশ গৃহীত হয়ঃ<br>(ক) প্রস্তাবিত "বন্দর সংরক্ষণ আইন (বিশেষ বিধান) ২০২৩ (সংশোধিত)" এর বিধানসমূহ সংশোধনের জন্য প্রস্তাবিত "বন্দর আইন, ২০২৩"-এ অন্তর্ভুক্ত করা যেতে পারে। সেক্ষেত্রে নতুন আইন প্রণয়নের প্রয়োজন আছে কিনা তা যাচাই করে দেখা যেতে পারে। ।<br>(খ) আইনের শিরোনাম "বন্দর সংরক্ষণ আইন (বিশেষ বিধান) ২০২৩ (সংশোধিত)" এরূপ হতে পারে।<br>(গ) ধারা ১ (২) এর বিধান পুনঃপরীক্ষা করা যেতে পারে। আইনটি দেশের সকল অভ্যন্তরীণ নৌ বন্দরের জন্য প্রযোজ্য হতে পারে।<br>(ঘ) ধারা ৩ অধিকতর পর্যালোচনা করা যেতে পারে এবং এ বিধানটি সংশোধনের জন্য প্রস্তাবিত বন্দর আইন, ২০২৩ এ সংযোজন করা যেতে পারে। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (ঙ) ধারা ৮ এর বিধান বাদ দেয়া যেতে পারে।<br>মন্ত্রিপরিষদ বিভাগের সুপারিশ সমূহ বাস্তবায়নের বিষয়ে বন্দর সংরক্ষণ আইন<br>(বিশেষ বিধান) ২০২৩ (সংশোধিত) এর সংশ্লিষ্ট ধারা সমূহ পুন:পরীক্ষা/যাচাইয়ের জন্য অতিরিক্ত সচিব (বন্দর) এর সভাপতিত্বে সংশ্লিষ্ট সকল কে নিয়ে একটি সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। গত ১৪-১২-২০২৩ তারিখে অতিরিক্ত সচিব (বন্দর) এর সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়েছে। বন্দর সংরক্ষণ আইন (বিশেষ বিধান) ২০২৩ (সংশোধিত) টিএ শাখার বন্দর আইন, ২০২৩ এর সাথে একীভূত করার জন্য সভায় সিদ্ধান্ত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী টিএ শাখায় একটি ইউও নোট প্রেরণ করা হয়েছে। টিএ শাখায় কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। | | |
| ০৫ | মসবৈ-১৬(০৯)/২০১৯,<br>তারিখ: ০৯ সেপ্টেম্বর ২০১৯<br>'বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন আইন, ২০১৯'-এর খসড়ার নীতিগত অনুমোদন। | <u>"The Bangladesh Inland Water Transport Corporation Order-1972" (নীতিগত অনুমোদনের তারিখ ০৯ সেপ্টেম্বর ২০১৯)</u> : এর পরিবর্তে বাংলা ভাষায় 'বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন আইন, ২০১৯'-এর খসড়ার মন্ত্রিসভা কর্তৃক নীতিগতভাবে অনুমোদনের পর আইনটি লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক ভেটিংকৃত "বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন আইন, ২০২০" মন্ত্রিসভার চূড়ান্ত অনুমোদনের জন্য উপস্থাপন করা হলে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে পত্র মারফত জানানো হয় যে "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাসনামলে প্রণীত রাষ্ট্রপতির আদেশ ও আইনসমূহ পরিবর্তিত প্রেক্ষাপটে কোনরূপ সংশোধন /পরিমার্জন/ পরিবর্ধনের আবশ্যকতা দেখা দিলে ঐগুলি রহিত না করিয়া কেবল প্রয়োজনানুগ সংশোধনের উদ্যোগ গ্রহণ সমীচীন।'' বর্ণিত নির্দেশনা মতে নৌপরিবহন মন্ত্রণালয় হতে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন (সংশোধন) আইন, ২০২১ খসড়া প্রস্তুত করে | 'বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন আইন, ২০২৩ চূড়ান্ত অনুমোদনের জন্য প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | ১. চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি<br>২. উপসচিব, টিসি শাখা/আইন শাখা, নৌপম |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আন্তঃ মন্ত্রণালয়ের সভার মাধ্যমে খসড়া চূড়ান্ত করে মন্ত্রিপরিষদ বিভাগে খসড়াটি প্রেরণ করা হয়। এ প্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগে আইনের খসড়া পরীক্ষা নিরিক্ষা সংক্রান্ত কমিটির বিগত ৯ মার্চ, ২০২২ তারিখে ১ম সভা, ২৮ সেপ্টেম্বর, ২০২২ তারিখে ২য় সভা এবং ১৮ মে ২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে আইনের খসড়া পরীক্ষা নিরিক্ষা সংক্রান্তকমিটির ৩য় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক অনুমোদিত মূলধন বৃদ্ধির বিষয়ে অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করে পুনরায় মন্ত্রিপরিষদ বিভাগে আইনের খসড়া পরীক্ষা নিরিক্ষা সংক্রান্ত কমিটির নিকট ১৬.০৭.২০২৩ তারিখে প্রেরণ করা হয়েছে। উক্ত কমিটি কর্তৃক এ বিষয়ে গত ১০-০৮-২০২৩ তারিখে ৪র্থ সভা করে। সভার কার্যবিবরণীতে উল্লিখিত সুপারিশ মোতাবেক "The Bangladesh Inland Water Transport Corporation (Amendment) Act, 2023 এর খসড়া সংশোধন করে প্রেরণের জন্য বিআইডব্লিউটিসি'কে ২৫-১০-২০২৩ তারিখে অনুরোধ জানানো হয়েছে। "The Bangladesh Inland Water Transport Corporation (Amendment) Act, 2023 এর খসড়া প্রয়োজনীয় সংশোধনপূর্বক ১৫ (পনের) কপি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গহণের জন্য ০৭-১২-২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | | |
| ০৬ | <u>মসবৈ-১২(০৭)/২০২৩, তারিখ: ১৭ জুলাই ২০২৩</u><br>মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে ২০২৩ সালের দ্বিতীয় ত্রৈমাসিক (এপ্রিল- জুন) প্রতিবেদন। | বর্ণিত সময়ে জারি করা মোট ৫টি অধ্যাদেশের মধ্যে ৩টি অধ্যাদেশ রহিত করে নতুন আইন করা হয়েছে এবং বাকি ২টি অধ্যাদেশ রহিতক্রমে নতুন আইন প্রনয়ণের কার্যক্রম চলমান রয়েছে, যা নিম্নে উল্লেখ করা হলো।<br>১। Mongla Port Authority Ordinance, | ক) ১, ২ ও ৩ নং ক্রমিকে আইন সমূহের এস আর ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>খ) অভ্যন্তরীণ নৌপরিবহন আইন ২০২৩ ও বানিজ্যিক নৌপরিবহন আইন - | যুগ্মসচিব (প্রশাসন)/যুগ্মসচিব (আইন ও অডিট), উপসচিব (টিএ)/উপসচিব (জাহাজ)/ উপসচিব (আইন ও অডিট) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | 1976 রহিতক্রমে **<u>মোংলা বন্দর কর্তৃপক্ষ আইন ২০২২</u>** (২০২২ সালের ৭নং আইন) প্রনয়ণ করে গেজেট আকারে প্রকাশ করা হয়েছে। লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের এস আর ও নম্বর-১০৪ আইন/২০২২ (কপি সংযুক্ত) এর মাধ্যমে ১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারিকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩ (২০১৩ সনের ৬নং আইন) এর তফসিল হতে বিযুক্ত করা হয়েছে।<br>২। The Chittagong Port Authority Ordinance, 1976 রহিতক্রমে **<u>চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ আইন ২০২২</u>**(২০২২ সালের ৮নং আইন) প্রনয়ণ করে গেজেট আকারে প্রকাশ করা হয়েছে। লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের এস আর ও নম্বর-১০৪ আইন/২০২২ (কপি সংযুক্ত) এর মাধ্যমে ১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারিকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩ (২০১৩ সনের ৬নং আইন) এর তফসিল হতে বিযুক্ত করা হয়েছে।<br>৩। Bangladesh Flag Vessels (Protection) Ordinance, 1982 রহিতক্রমে **<u>বাংলাদেশ পতাকাবাহী জাহাজ (স্বার্থরক্ষা) আইন ২০১৯</u>** (২০১৯ সালের ১৮নং আইন) প্রনয়ণ করে গেজেট আকারে প্রকাশ করা হয়েছে। লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের এস আর ও নম্বর-২৭৫ আইন/২০২০ (কপি সংযুক্ত) এর মাধ্যমে ১৯৮২ সালের ২৪ মার্চ হইতে ১৯৮৬ সালের ১১ নভেম্বর তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারিকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩ (২০১৩ সনের ৭নং আইন) এর তফসিল হতে বিযুক্ত করা হয়েছে।<br>৪। "The Inland | এর উপর কার্যক্রম দ্রুত শেষ করে অনুমোদনের পদক্ষেপ নিতে হবে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | Shipping Ordinance, 1976” রহিত করে “অভ্যন্তরীণ নৌপরিবহন আইন, ২০২২” প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের গত ২৮ জুলাই, ২০২২ খ্রি: তারিখের ৭২ নং স্মারকের কতিপয় নির্দেশনার আলোকে নৌপরিবহন অধিদপ্তর হতে খসড়া আইনটি সংশোধন করে প্রেরণ করা হয়। পরবর্তীতে গত ০৫-০১-২০২৩ খ্রি: তারিখের ০৫ নং স্মারকে খসড়া আইনটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। গত ০১-০৬-২০২৩ খ্রি. ৩য় সভা অনুষ্ঠিত হয়েছে। গত ২১ জুন, ২০২৩ চতুর্থ সভা শেষে সভার সিদ্ধান্ত মোতাবেক সংশোধিত খসড়া আইনের কপি ও তুলনামূলক বিবরণী নৌপরিবহন মন্ত্রণালয়ের গত ০৪-০৬-২০২৩ খ্রি. ১১২ নং স্মারকে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। গত ১৩ জুলাই, ২০২৩ খ্রি. এর ৮৫ নং স্মারকে মন্ত্রিপরিষদ বিভাগ হতে খসড়া আইনটি মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপনের জন্য সুপারিশ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে নৌপরিবহন অধিদপ্তর হতে সংশোধিত খসড়া আইন ও তুলনামূলক বিবরণী প্রেরণ করা হয়েছে। নীতিগত অনুমোদনের জন্য ৭২ কপি প্রেরণের নিমিত্ত গত ২৬-০৭-২০২৩ খ্রি. জাহাজ শাখা হতে নথি উপস্থাপন করা হয়েছে। প্রস্তাব অনুমোদিত হওয়ার পর নৌপরিবহন অধিদপ্তর হতে অভ্যন্তরীণ নৌপরিবহন আইন, ২০২৩ এর খসড়ায় প্রস্তাবিত সংশোধিত গত ২০-০৯-২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটি-তে প্রেরণ করা হয়েছে। বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন আইন, ২০২৩ (ISA)” মন্ত্রিপরিষদ বিভাগের আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটির সুপারিশ গত ২৫-১০-২০২৩ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। উক্ত সুপারিশের উপর নৌপরিবহন | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সংস্থা-২) মহোদয়ের সভাপতিত্বে গত ০৭-১১-২০২৩ তারিখে সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী ৩০-০১-২০২৪ তারিখে সংশোধিত খসড়া আইন ১৫ (পনের) সেট মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।<br><br>৫। নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক **The Bangladesh Merchant Shipping Ordinance, 1983** রহিত করে "বাংলাদেশ বাণিজ্যিক নৌপরিবহন আইন, ২০২২" প্রণয়ণের উদ্যোগ গ্রহণ করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের গত ২১ আগস্ট, ২০২২ খ্রি: তারিখের ৭৭ নং স্মারকে কমিটির প্রথম সভা আহ্বান করা হয়। পরবর্তীতে মন্ত্রিপরিষদ বিভাগ হতে গত ১৩-০৯-২০২২ খ্রি: তারিখের ৭৯ নং স্মারকে ১ম সভার কার্যবিবরণী নৌপরিবহন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। সভার সিদ্ধান্তে জানানো হয় যে, খসড়াটিতে বেশ কিছু শব্দ ইংরেজি থেকে বাংলায় অনুবাদের ফলে সুস্পষ্ট অর্থ প্রতিফলিত হয়নি মর্মে প্রয়োজনে খসড়া আইনটিতে ইংরেজি শব্দ রাখার সুপারিশসহ কতিপয় সুপারিশ প্রদান করা হয়েছে।<br>এ বিষয়ে গত ৩১-০৫-২০২৩ খ্রি: সচিব নৌপরিবহন মন্ত্রণালয় মহোদয়ের সভাপতিত্বে পর্যালোচনাসভা অনুষ্ঠিত হয়। সভায় নৌপরিবহন মন্ত্রণালয় ও নৌপরিবহন অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। পরবর্তীতে গত ১৪ জুন, ২০২৩ খ্রি: ১০০ নং স্মারকে খসড়া আইনটি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। গত ২১ জুন, ২০২৩ খ্রি: তারিখ ২য় সভা মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত মোতাবেক খসড়া আইনটি নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক সংশোধিত হচ্ছে। নৌপরিবহন অধিদপ্তর হতে সংশোধিত ''বাংলাদেশ বানিজ্যিক নৌপরিবহন আইন, ২০২৩'' এর ১৫ কপি গত ১৪-০৮-২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিভাগের আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটি-তে প্রেরণ করা হয়। ‘বাংলাদেশ বানিজ্যিক নৌপরিবহন আইন, ২০২৩’’ (MSA)” মন্ত্রিপরিষদ বিভাগের আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটির সুপারিশ গত ০৪-০৯-২০২৩ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। উক্ত সুপারিশের উপর নৌপরিবহন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সংস্থা-২) মহোদয়ের সভাপতিত্বে গত ০৭-১১-২০২৩ তারিখে সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী ৩০-০১-২০২৪ তারিখে সংশোধিত খসড়া আইন ১৫ (পনের) সেট মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | | |
| ০৮ | মসবৈ-১৮(১১)/২০২৩, তারিখ: ২৭ নভেম্বর ২০২৩<br><br>বিষয়-১: মন্ত্রণালয় ও বিভাগসমূহের ২০২২-২৩ অর্থবছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন। | নির্দেশনাটি যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে। | মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০২২-২৩ অর্থ বছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদনের সংশ্লিষ্ট অংশ পর্যালোচনা করিয়া তথ্য-উপাত্ত সংযোজন/সংশোধন করে প্রেরণ করতে হবে। | সকল দপ্তর/ সংস্থা প্রধান |
| ০৯ | মসবৈ-১৭(১০)/২০২৩, তারিখ: ২৩ অক্টোবর ২০২৩<br><br>সম্পূরক বিষয়-১: মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে ২০২৩ সালের তৃতীয় ত্রৈমাসিক (জুলাই- সেপ্টেম্বর) প্রতিবেদন। | নির্দেশনাটি যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে। | মন্ত্রিসভায় নীতিগত অনুমোদন লাভ করা আইনসমূহ ভেটিং গ্রহণক্রমে চূড়ান্ত অনুমোদনের লক্ষ্যে মন্ত্রিসভায় উপস্থাপনের জন্য সংসদ বিষয়ক বিভাগের সহিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন)/যুগ্মসচিব (আইন ও অডিট), উপসচিব (টিএ)/উপসচিব (জাহাজ)/ উপসচিব (আইন ও অডিট) |
| ১০ | মসবৈ-১৭(১০)/২০২৩, তারিখ: ২৩ অক্টোবর ২০২৩<br><br>সম্পূরক বিষয়-১: মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে ২০২৩ সালের তৃতীয় ত্রৈমাসিক (জুলাই- সেপ্টেম্বর) প্রতিবেদন। | নির্দেশনাটি যথাযথভাবে পালন করা হচ্ছে। | সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণ করতে হবে। | সিনিয়র সহকারী সচিব (সংসদ ও সমন্বয়) শাখা, নৌপম |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | মসবৈ-১৭(১০)/২০২৩, তারিখ: ২৩ অক্টোবর ২০২৩<br>সম্পূরক বিষয়-১: মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে ২০২৩ সালের তৃতীয় ত্রৈমাসিক (জুলাই- সেপ্টেম্বর) প্রতিবেদন। | সিদ্ধান্ত মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে উদ্যোগ গ্রহণ করা হবে। | সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন), নৌপম |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মোস্তফা কামাল
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০৩২.১৬.০০২.২০.১৪

তারিখ: ৫ চৈত্র ১৪৩০
১৯ মার্চ ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) নৌপরিবহন মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা
৩) নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা
৪) সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, নৌপরিবহন মন্ত্রণালয়, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

মোঃ কুতুব উল আলম
সিনিয়র সহকারী সচিব